

## 🗏 আল-মুজাদালা | Al-Mujadila | ٱلْمُجَادلَة

আয়াতঃ ৫৮:১৫

💵 আরবি মূল আয়াত:

## اَعَدَّ اللّٰهُ لَهُم عَذَابًا شَدِيدًا ١٠ إِنَّهُم سَآءَ مَا كَانُوا يَعمَلُونَ ﴿١٥﴾

## 🗚 আনুবাদসমূহ:

আল্লাহ তাদের জন্য কঠোর আযাব প্রস্তুত করে রেখেছেন। নিশ্চয় তারা যা করত তা কতইনা মন্দ! — আল-বায়ান আল্লাহ তাদের জন্য প্রস্তুত করে রেখেছেন কঠিন শাস্তি, তারা যা করে তা কতই না মন্দ! — তাইসিরুল আল্লাহ তাদের জন্য প্রস্তুত রেখেছেন কঠিন শাস্তি। কত মন্দ তারা যা করে! — মুজিবুর রহমান

Allah has prepared for them a severe punishment. Indeed, it was evil that they were doing. — Sahih International

১৫. আল্লাহ্ তাদের জন্য প্রস্তুত রেখেছেন কঠিন শাস্তি। নিশ্চয় তারা যা করত তা কতই না মন্দ!

তাফসীরে জাকারিয়া

- (১৫) আল্লাহ তাদের জন্য প্রস্তুত রেখেছেন কঠিন শাস্তি। [1] নিশ্চয় তারা যা করে, তা মন্দ!
  - [1] অর্থাৎ, ইয়াহুদীদের সাথে বন্ধুত্ব সম্পর্ক রাখার এবং মিথ্যা কসম খাওয়ার কারণে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5119

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন